বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

দুরালাপনী ঃ
কার্যালয় ঃ ২২৩৩০৮০৪০২
Fax: ২২৩৩৫১১৮৪
E-mail: ce.dhakabwdb@gmail.com

অতিঃ প্রধান প্রকৌশলীর দপ্তর
কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো
ওয়াপদা ভবন (৩য় তলা), মতিঝিল বা/এ
ঢাকা -১০০০।

স্মারক নং-৫পি-৪৬/কেঃঅঃ/২৭৬

তারিখঃ ০৭-০৯-২০২৩ খ্রিঃ।

দপ্তরাদেশ

পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং-৪২.০০.০০০০.০৪১.০৬.০১১.১৮-৮৩, তারিখঃ ৩১/০৮/২০২৩ খ্রিঃ এবং মহাপরিচালক, বাপাউবো, ঢাকা মহোদয়ের দপ্তর ডায়েরী নং-১৪৬৪, তারিখঃ ০৭/০৯/২০২৩ খ্রিঃ মোতাবেক "ঢাকা-নারায়ণগঞ্জ-ডেমরা (ডিএনডি) এলাকার নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন (২য় পর্যায়) (১ম সংশোধিত) প্রকল্পের" জালকুঁড়ি ও লালপুর এলাকায় সৃষ্ট জলাবদ্ধতার কারণ চিহ্নিতকরণ ও সমাধানকল্পে বাপাউবো'র উর্দ্ধতন কর্মকর্তা ও প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের সমন্বয়ে ১ টি কারিগারী কমিটি (Technical Committee) গঠন করা হলো।

ক্রমিক নং	কর্মকর্তাদের নাম ও পদবী	কমিটিতে অবস্থান
১.	জনাব মোঃ মনিরুজ্জামান, অতিরিক্ত মহাপরিচালক, (পরিকল্পনা, নকশা ও গবেষণা)	আহ্বায়ক
২.	জনাব মোঃ এনায়েত উল্লাহ, প্রধান প্রকৌশলী, নকশা, বাপাউবো, ঢাকা।	সদস্য
৩.	জনাব মোঃ আসাদুজ্জামান, অতিঃ প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, (অতিরিক্ত দায়িত্ব) বাপাউবো, ঢাকা।	সদস্য
৪.	জনাব দেওয়ান আইনুল হক, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা পওর সার্কেল, বাপাউবো, ঢাকা ও প্রকল্প পরিচালক।	সদস্য
৫.	জনাব টি, এম রাশিদুল কবীর, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্রসেসিং পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।	সদস্য
৬.	জনাব রণেন্দ্র শংকর চক্রবর্ত্তী, নির্বাহী প্রকৌশলী, মুন্সিগঞ্জ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, মুন্সিগঞ্জ।	সদস্য
৭.	জনাব মোঃ আরিফ হোসেন, নির্বাহী প্রকৌশলী, ডিজাইন সার্কেল-১, বাপাউবো, ঢাকা।	সদস্য
৮.	লে. কর্ণেল মোঃ আশানুত তাকবিম চৌধুরী, প্রকল্প পরিচালক, ডিএনডি প্রজেক্ট (ফেজ-২), ১৯ ইসিবি, বাংলাদেশ সেনাবাহিনী, ডিএনডি প্রজেক্ট ক্যাম্প, শিমরাইল, নারায়ণগঞ্জ।	সদস্য
৯.	জনাব খন্দকার মুঈনুর রহমান, নির্বাহী প্রকৌশলী, নারায়ণগঞ্জ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, নারায়ণগঞ্জ।	সদস্য সচিব

কমিটির কার্য পরিধি

ক) জালকুঁড়ি ও লালপুর এলাকার জলাবদ্ধতার কারণ চিহ্নিতকরণ এবং জলাবদ্ধতা নিরসনকল্পে আগামী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

খ) ইতোপূর্বে সম্পাদিত সমীক্ষার উপর পর্যালোচনা।

৭.৯.২০২৩

(মোঃ আসাদুজ্জামান)
অতিঃ প্রধান প্রকৌশলী (অঃদাঃ)
কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো
ঢাকা।

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

দুরালাপনী ঃ
কার্যালয় ঃ ২২৩৩০৮০৪০২
Fax: ২২৩৩৫১১৮৪
E-mail: ce.dhakabwdb@gmail.com

অতিঃ প্রধান প্রকৌশলীর দপ্তর
কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো
ওয়াপদা ভবন (৩য় তলা), মতিঝিল বা/এ
ঢাকা -১০০০।

স্মারক নং-৫পি-৪৬/কেঃঅঃ/২৭৬(১৫)

তারিখঃ ০৭-০৯-২০২৩ খ্রিঃ।

অনুলিপি আদিষ্টমতে সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্টতার ভিত্তিতে নহে):

১। জনাব মোঃ মনিরুজ্জামান, অতিরিক্ত মহাপরিচালক, (পরিকল্পনা, নকশা ও গবেষণা)।
২। জনাব মোঃ এনায়েত উল্লাহ, প্রধান প্রকৌশলী, নকশা, বাপাউবো, ঢাকা।
৩। জনাব মোঃ আসাদুজ্জামান, প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা।
৪। জনাব দেওয়ান আইনুল হক, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা পওর সার্কেল, বাপাউবো, ঢাকা ও প্রকল্প পরিচালক।
৫। জনাব টি, এম রাশিদুল কবীর, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্রসেসিং পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৬। জনাব রণেন্দ্র শংকর চক্রবর্ত্তী, নির্বাহী প্রকৌশলী, মুন্সিগঞ্জ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, মুন্সিগঞ্জ ।
৭। জনাব মোঃ আরিফ হোসেন, নির্বাহী প্রকৌশলী, ডিজাইন সার্কেল-১, বাপাউবো, ঢাকা ।
৮। লে. কর্ণেল মোঃ আশানুত তাকবিম চৌধুরী, প্রকল্প পরিচালক, ডিএনডি প্রজেক্ট (ফেজ-২), ১৯ ইসিবি, বাংলাদেশ সেনাবাহিনী, ডিএনডি প্রজেক্ট ক্যাম্প, শিমরাইল, নারায়ণগঞ্জ।
৯।জনাব খন্দকার মুঈনুর রহমান, নির্বাহী প্রকৌশলী, নারায়ণগঞ্জ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, নারায়ণগঞ্জ ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্টতার ভিত্তিতে নহে):

১। অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
২। সি এস ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৩। সিনিয়ন সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। বাপাউবো ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
৪। মাননীয় প্রতিমন্ত্রীর, একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রাণলয়, ঢাকা।
৫। মাননীয় উপ-মন্ত্রীর, একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রাণলয়, ঢাকা।
৬। সচিব মহোদয়ের, একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রাণলয়, ঢাকা।

উপ-পরিচালক (প্রশাসন)
কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো
ঢাকা।

Google Maps Jalkury



Map data ©2023 Google 500 m

Jalkury

জালকুরী

Godenail

Directions Save Nearby Send to phone Share

Photos

নারায়ণগঞ্জ জেলার "ঢাকা-নারায়ণগঞ্জ-ডেমরা (ডিএনডি) এলাকার নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন (২য় পর্যায়) (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্প এলাকা পরিদর্শন প্রতিবেদন

পরিদর্শনকারী কর্মকর্তা

মোঃ আসাদুজ্জামান
অতিঃ প্রধান প্রকৌশলী
কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা।

পরিদর্শনের সময় : ২৬ আগস্ট ২০২৩ খ্রি.

পরিদর্শনকৃত স্থান : "ঢাকা- নারায়ণগঞ্জ-ডেমরা (ডিএনডি) এলাকার নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন (২য় পর্যায়) (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্প এলাকা।

নারায়ণগঞ্জ জেলার "ঢাকা-নারায়ণগঞ্জ-ডেমরা (ডিএনডি) এলাকার নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন (২য় পর্যায়) (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্প এলাকা পরিদর্শন প্রতিবেদন

নিম্নস্বাক্ষরকারী (মোঃ আসাদুজ্জামান, অতিঃ প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা) কর্তৃক বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (বাপাউবো) এর নারায়ণগঞ্জ জেলায় বাস্তবায়নাধীন ঢাকা- নারায়ণগঞ্জ-ডেমরা (ডিএনডি) এলাকার নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন (২য় পর্যায়) (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্প এলাকা ২৬-০৮-২০২৩ খ্রি. তারিখ সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে জনাব মোঃ এনায়েত উল্লাহ, প্রধান প্রকৌশলী, নকশা ও গবেষণা; জনাব দেওয়ান আইনুল হক, প্রকল্প পরিচালক ও তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা পওর সার্কেল; জনাব খন্দকার মুঈনুর রহমান, নির্বাহী প্রকৌশলী, নারায়ণগঞ্জ পানি উন্নয়ন বিভাগ; জনাব শাহ আলম, নির্বাহী প্রকৌশলী, ঢাকা যান্ত্রিক (পাম্প হাউজ) বিভাগ; জনাব মোঃ আরিফ হোসেন, নির্বাহী প্রকৌশলী, ডিজাইন সার্কেল-১; জনাব মেজর গাজী নাজমুল হাসান, বাংলাদেশ সেনাবাহিনী; উপ-বিভাগীয় প্রকৌশলী, নারায়ণগঞ্জ পানি উন্নয়ন উপ-বিভাগ; সংশ্লিষ্ট শাখা কর্মকর্তাসহ বাপাউবো, বাংলাদেশ সেনাবাহিনী ও প্রকল্প সংশ্লিষ্ট ঠিকাদারের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

নারায়ণগঞ্জ জেলার "ঢাকা-নারায়ণগঞ্জ-ডেমরা (ডিএনডি) এলাকার নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন (২য় পর্যায়)" শীর্ষক প্রকল্পটি বাংলাদেশ সেনাবাহিনীর ২৪ ইঞ্জিনিয়ারিং কনস্ট্রাকশন ব্রিগেড এর আওতাধীন ১৯ ইসিবি কর্তৃক বাস্তবায়নাধীন রয়েছে। পরিদর্শনের প্রারম্ভে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড ও বাংলাদেশ সেনাবাহিনীর উপস্থিত কর্মকর্তা-কর্মচারীবৃন্দের সমন্বয়ে একটি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রকল্পের চলমান কাজের অগ্রগতি ও বাস্তবায়ন সমস্যা সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। সভা শেষে শিমরাইল পাম্প স্টেশন ও জালকুঁড়ি এলাকার জলবদ্ধতা সরেজমিনে পরিদর্শন করা হয়।



ছবি: মতবিনিময় সভার স্থিরচিত্র

২.২। পরিদর্শনকৃত স্থানসমূহের বর্ণনাঃ

২.২.১। শিমরাইল পাম্প স্টেশন:

- কাজের নাম: শিমরাইল পাম্প স্টেশন নির্মান (০৭ টি পাম্প প্রতিটি ৫.৫ কিউমেক ক্ষমতাসম্পন্ন) (সকল সিভিল কাজ, মেকানিক্যাল সাপ্লাই ও পাম্প স্থাপন, স্টপ লক ও ট্রাশ র‍্যাক, গেইট ও হোয়েস্ট পয়েন্ট এবং বিবিধ সেবা, বিদ্যুৎ স্থাপন, টেস্টিং ও কমিশনিং সাব স্টেশন সহ ফায়ার ফাইটিং সিস্টেম)
- প্রাক্কলিত মূল্য/চুক্তি মূল্য: ১৭৮৮৮.৩২ লক্ষ টাকা
- ভৌত অগ্রগতি: ৯৮.৯৪%।
- আর্থিক অগ্রগতি: ১৭৪০৫.৭৬ লক্ষ টাকা (৯৭.৩০%)।

- **পর্যবেক্ষণ/মন্তব্য:** ক) শিমরাইল পাম্প স্টেশনের মাধ্যমে সর্বনিম্ন ২.৮ মিটার (PWD) আরএল পর্যন্ত পানি নিষ্কাশন করা সম্ভব। কিন্তু সরেজমিনে দেখা যায় যে, পাম্পের জন্য পর্যাপ্ত পন্ডিং এরিয়া না থাকায় পানি রান অফ হয়ে পাম্পে পৌছাতে সময় বিলম্ব হওয়ায় প্রকল্প এলাকায় পানি সর্বনিম্ন ৩.০০ আরএল পর্যন্ত নিষ্কাশন করা সম্ভব। তবে শিমরাইলস্থ পুরাতন পাম্প হাউজের মাধ্যমে ২.৫০ আরএল পর্যন্ত পানি নিষ্কাশন করা সম্ভব।
- খ) পাম্প স্টেশনের ভৌত কাজ সমূহের মধ্যে পেন্টিং ও ফিনিশিং কাজ ব্যাতিত প্রায় সকল কাজ বাস্তবায়ন সমাপ্ত হয়েছে। তবে শিমরাইল পাম্প স্টেশনের সবগুলো পাম্প (৭টি) এখনও পরিচালনার উপোযোগী করা হয়নি।



ছবি : শিমরাইল পাম্প স্টেশন পরিদর্শনকালীন সময়ের স্থিরচিত্র।

২.২.২। জালকুঁড়ি এলাকার জলাবদ্ধতাঃ প্রকল্পের জালকুঁড়ি এলাকায় নম পার্ক সংলগ্ন স্থানটি পরিদর্শন করা হয়। পরিদর্শন কালে দেখা যায় যে, ঢাকা-নরায়ণগঞ্জ লিংক রোড এর দক্ষিন-পূর্ব পার্শ্বে নম পার্ক-সংলগ্ন এলাকা জালকুঁড়ি জলাবদ্ধ অবস্থায় রয়েছে। বর্ণিত স্থান দিয়ে প্রকল্পের MDC-1 খালটি প্রবাহিত হয়েছে। বর্নিত স্থানটি নিচু ও কচুরিপানা আচ্ছন্ন বিধায় কিছু কিছু অংশে জমি ও খাল বাহ্যিক ভাবে আলাদা করা সম্ভব হয় না। বাংলাদেশ সেনাবাহিনী কর্তৃক খালের অংশের কচুরীপানা পরিষ্কার কাজ চলমান রয়েছে। উক্ত স্থানটি বর্তমানে বিলের ন্যায় স্থায়ী জলাশয়ে পরিণত হয়েছে। ২০০২, ২০১০, ২০১৫ ও ২০২৩ সময়ের স্যাটেলাইট ইমেজ পর্যবেক্ষণ করে দেখা যায় যে, স্থানটি জলাবদ্ধ অবস্থায় রয়েছে। ধারণা করা যায় যে, বর্ণিত এলাকার ঢাকা-নারায়নগঞ্জ লিংক রোড সম্প্রসারণকালে এবং আশেপাশে শিল্পকারখানা ও আবাসিক ভবন এলাকা উঁচুকরণের ফলে কিছু কিছু অংশে মাটি বিভিন্ন সময়ে উত্তোলন করার দরুণ স্থানটি স্থায়ী জলাশয়ে পরিণত হয়েছে। মাটি কাটার ফলে জলাবদ্ধ স্থানে গড় বেড লেভেল (-) ২.০০ মিটার এবং উহার পেরিফেরিতে গড় বেড লেভেল (+) ২.৫০ মিটারের বেশী হওয়ায় বর্ণিত স্থানটি সর্বদা ৭ ফুট থেকে ৮ ফুট পানিতে নিমজ্জিত থাকে। যা ১৯৮৫ এবং তৎপরবর্তীতে পরিবর্তিত পরিস্থিতিতে উহা আরো অবণতির দিকে যায়।

ছবি : জালকুঁড়ি এলাকার জলাবদ্ধতা পরিদর্শনকালীন সময়ের স্থিরচিত্র।





ছবি : জালকুড়ি এলাকার জলাবদ্ধ অংশের স্পট লেভেল।





ছবি : স্যাটেলাইট ইমেজে জালকুঁড়ি এলাকার জলাবদ্ধতা স্থিরচিত্র ।

সার্বিক মন্তব্য / সুপারিশ:

১। নিকটস্থ বাপাউবো'র গেজ স্টেশনের সাথে শিমরাইল পাম্প স্টেশনের আরএল (RL) এবং পাম্প সংলগ্ন খালের তলদেশের আরএল ডিজাইন মোতাবেক সঠিক রয়েছে কিনা তা নিরীক্ষা করতে হবে।

২। বেঞ্চমার্ক/ গেজ স্টেশন এর সাথে প্রকল্পের আওতায় নির্মিত ব্রিজ/কালভার্ট সমূহের আর এল পুণ:নিরীক্ষা করতে হবে এবং ব্রিজ কালভার্ট সমূহে TBM সংরক্ষণ করতে হবে । এছাড়া ৫০০ মিটার পর পর প্রতিটি খালের কেন্দ্রীয় রেখা (CL) বরাবর আরএল, এক কিলোমিটার পর পর প্রতিটি খালের ক্রস সেকশন ও খালসমূহের সংযোগ স্থানে খালের ক্রস সেকশন গ্রহণ পূর্বক নিরীক্ষা করতে হবে।

৩। জালকুড়ি এলাকার জলাবদ্ধ অংশে সার্ভে সম্পন্নপূর্বক কন্টুর (Contour Map) ম্যাপ প্রস্তুত করতে হবে। সার্ভে করার সময় তারিখসহ জলাবদ্ধ এলাকার পানির লেভেল নিতে হবে এবং Map এ দেখাতে হবে। জলাবদ্ধ এলাকার চারিদিকে তীর বরাবর তীর থেকে ৫ মিটার ও ১০ মিটার দূরে লেভেল নিতে হবে। পার্শ্ববর্তী রাস্তার লেভেল নিতে হবে, সব লেভেল কন্টুর ম্যাপে দেখাতে হবে।

৪। পাম্প সমূহের সামনে পন্ড এরিয়া শুরু হওয়ার আগে পন্ড সংলগ্ন খালের ক্রসসেকশন নিতে হবে।

৫। প্রকল্পের শিমরাইলস্থ নতুন পাম্প স্টেশনের সাথে পুরাতন পাম্প হাউজের মধ্যে একটি সংযোগকারী পথ নির্মাণ করা প্রয়োজন।

৬। প্রকল্প এলাকায় পানির লেভেল বৃদ্ধি পেলে শিমরাইলস্থ নতুন পাম্প স্টেশনের প্রয়োজনীয় সংখ্যক পাম্প পরিচালনা করতে হবে। পানির লেভেল (+) ২.৮০ মি. (PWD) এর নিচে নামলে পুরাতন পাম্প হাউজের মাধ্যমে নিষ্কাশন কাজ পরিচালনা করতে হবে।

৭। প্রকল্পের জরিপ ও সমীক্ষা খাত হতে প্রকল্প এলাকার অন্যান্য যে সকল স্থান জলাবদ্ধ রয়েছে সে সকল এলাকায় ড্রেনেজ নেটওয়ার্ক সম্পর্কিত একটি সার্ভে সম্পন্ন করা হলে জলাবদ্ধতা হতে উত্তোরনের উপায় নির্ধারণ করা সহজ হবে। এছাড়াও ড্রেনেজ নেটওয়ার্ক সার্ভের মাধ্যমে ভবিষ্যতে উদ্ভুত সমস্যা এবং সমস্যা হতে উত্তরনের উপায় নির্ধারণ সহজতর হবে।

৮। শিমরাইল পাম্প স্টেশনের পন্ডিং এরিয়া পাম্প সংলগ্ন বাপাউবো'র জমি ব্যবহার পূর্বক বৃদ্ধি করা যেতে পারে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৬/৮/২০২৬

(মোঃ আসাদুজ্জামান)
অতিঃ প্রধান প্রকৌশলী
কেন্দ্রীয় অঞ্চল
বাপাউবো, ঢাকা।